

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন
কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে পুরুষ ও মহিলা মাদকাসক্ত রোগীদের
চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত তথ্য :-**

প্রতিষ্ঠানের নাম: কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ।
যোগাযোগের ঠিকানা : ৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ।

রোগীদের চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসকদের টেলিফোন নাম্বার :-

ক্রমিক নং-	দায়িত্বপ্রাপ্ত চিকিৎসকের পদবী	ফোন নম্বর
১।	প্রধান কনসালটেন্ট/পরিচালক	৯৮৮০২৬৯
২।	রেসিডেন্ট সাইকিয়াট্রিস্ট/মেডিকেল অফিসার	৯৮৮০২৬৭

সংক্ষিপ্ত তথ্য

ক্রমিক	বিছানার বিবরণ	বিছানার সংখ্যা	মোট অবস্থানকাল	ভর্তি ফি	বিছানা ভাড়া ও খাবার বাবদ
১	পেয়িং ওয়ার্ড	১৫(পনের) টি	১৪(চৌদ্দ) দিন	১০/-	১৪০০/-
২	নন-পেয়িং ওয়ার্ড	২৫(পঁচিশ) টি	১৪(চৌদ্দ) দিন	১০/-	মাশুল বিহীন

অফিস সময়সূচী: সকাল ৯টা হইতে বিকাল ৫টা । শুক্রবার ও শনিবার সপ্তাহিক ছুটি ।

বহির্বিভাগের কার্যক্রমের সময় সূচী :

ক্রমিক	কার্যক্রমের বিবরণ	সময় সূচী
১।	নতুন রোগীকে টিকেট দেওয়ার সময়	সকাল ৯-০০ মিঃ হইতে বিকাল ৪-০০মিঃ
২।	রবিবার ও বৃহস্পতিবার ছাড়পত্র প্রাপ্ত রোগীর ফলোআপ	সকাল ৯-০০ মিঃ হইতে বিকাল ৪-০০মিঃ
৩।	প্রতি কার্য দিবসে নতুন ও পুরাতন রোগী এবং অভিভাবকদের কাউন্সেলিং ও ফলোআপ সার্ভিস ।	সকাল ৯-০০ মিঃ হইতে বিকাল ৪-০০মিঃ

বহির্বিভাগ কার্যক্রম

- ১) প্রতিদিন কেন্দ্রে আগত নতুন রোগীদের ৫/- টাকা মূল্যের টিকেট সংগ্রহের মাধ্যমে রেজিস্ট্রেশন পূর্বক পুরুষ ও মহিলা মাদকাসক্ত রোগীদের চিকিৎসার ব্যবস্থা করা হয় ।
- ২) মেডিকেল অফিসার কর্তৃক ইতিহাস লিপিবদ্ধ ও পরীক্ষা-নিরীক্ষার পর পরামর্শ প্রদান করা হয় ।
- ৩) প্যাথলজিক্যাল পরীক্ষা যথা-রক্তের টিসি, ডিসি, ইএসআর ও প্রস্রাব পরীক্ষা এই কেন্দ্রে করা হয় । অন্যান্য পরীক্ষা অত্র কেন্দ্রে ব্যবস্থা না থাকায় অন্যান্য সরকারী/আধা সরকারী হাসপাতাল হইতে করানোর পরামর্শ দেওয়া হয় ।
- ৪) রোগী ও অভিভাবকদের প্রি-এডমিশন কাউন্সেলিং শেষে রোগী ভর্তির ব্যবস্থা নেওয়া হয় ।
- ৫) ভর্তির তারিখ প্রাপ্ত/ভর্তির জন্য পরামর্শ দেওয়া রোগীদের সকল পরীক্ষা নিরীক্ষা চিকিৎসক কর্তৃক যাচাইকরে ভর্তি করা হয় । বাসায় থেকে চিকিৎসা নিতে আগ্রহী রোগীদেরও চিকিৎসা প্রদান করা হয় ।
- ৬) ভর্তিকৃত রোগী ও রোগীর জিনিসপত্র যাচাইকরে রোগীকে ওয়ার্ডে প্রেরণ করা হয় ।
- ৭) শুক্রবার/শনিবার ও অন্যান্য সরকারী ছুটির দিন বহির্বিভাগের কার্যক্রম বন্ধ থাকে ।
- ৮) সরকারী, বেসরকারী ও আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক রেফার্ডকৃত রোগীদের সকল পরীক্ষা নিরীক্ষা যাচাই পূর্বক ভর্তি/ বহির্বিভাগে চিকিৎসার ব্যবস্থা করা হয় ।

রোগী ভর্তি সংক্রান্ত তথ্য :

- ১) রোগী ভর্তির দিন / সময় নির্ধারিত তালিকা অনুযায়ী রোগীর ব্যবহারের জন্য প্রয়োজনীয় জিনিস পত্র সাথে আনা আবশ্যিক । উচ্চ মূল্যের জিনিসপত্র সাথে আনা যাবেনা ।
- ২) ধূমপান সামগ্রী/নেশার দ্রব্যাদি সাথে নিয়ে অত্র কেন্দ্রে প্রবেশ নিষেধ ।
- ৩) ভর্তিকৃত রোগীর সাথে চিকিৎসার সুবিধার্থে দেখা করা নিষেধ ।
- ৪) ভর্তির সময় একজন বৈধ অভিভাবক সাথে থেকে অংগীকার নামায় স্বাক্ষর করিবেন ।
- ৫) রোগী ভর্তির সময় টাকা পয়সা বা খাদ্যদ্রব্য সাথেকরে নিয়ে ওয়ার্ডে প্রবেশ নিষেধ ।
- ৬) ভর্তিকৃত রোগীর ছাড়পত্র প্রদানের দিন সকাল ১১ - ১২ ঘটিকার মধ্যে একজন বৈধ অভিভাবক রোগীকে বুঝিয়া নিবেন ।

অন্তঃ বিভাগ কার্যক্রম :

- ১) মেডিক্যাল, সাইকোলজিক্যাল, সোসাল ও স্পিচুয়াল পদ্ধতিসমূহের সমন্বয়ে চিকিৎসা প্রদান করা হয় ।
- ২) অন্তঃবিভাগের বিভিন্ন কার্যক্রমে রোগীদের অংশগ্রহণ বাধ্যতামূলক ।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের Website - www.dnc.gov.bd